ঢাকা ওয়াসা

০১। মড্স জোন-৯ এর ২০২৬-২০২৭ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
০২। আলোচ্য কাজের স্কেচ/খসড়া নকশা।
০৩। পিপিআর-২০২৫ এর প্রাসঙ্গিক বিধির অনুলিপি।
০৪। ঢাকা ওয়াসার আর্থিক ক্ষমতা অর্পণ (Sub-Delegation of Financial Power) সংক্রান্ত অফিস আদেশ।
০৫। ওয়াসা লিংক 16162 হতে প্রাপ্ত অভিযোগের অনুলিপি।
০৬। আলোচ্য স্থানের আলোকচিত্র।
০৭। প্রাক্কলন।

বিষয়ঃ Repairing of HDPE water line Leakage infront of House #1/E, Road#02, Sector-03 and infront of House #1, Road#1, Ahlia under MODS Zone-9, Dhaka WASA. শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মড্স জোন-৯ এর আওতাধীন DMA-906 এলাকার, বাড়ি নং-১/ই, রোড নং-২, সেক্টর-৩ এর সম্মুখে বিদ্যমান ১১০ মি.মি. ব্যাসের পানি সরবরাহ লাইনে ০১ (এক)টি ও বাড়ি নং-১/ই, রোড নং-২, আহলিয়া এলকায় ১১০ মিমি ব্যাসের পানির লাইনের হেভি লিকেজ সৃষ্টি হয়েছে (সংযুক্তি-০২)। ফলশ্রুতিতে উক্ত লাইন হতে বিপুল পরিমাণ সুপেয় পানির অপচয় হচ্ছে এবং আশপাশের এলাকায় জলাবদ্ধতা বা Water logging এর সৃষ্টি হচ্ছে (সংযুক্তি-০৬)। পানি অপচয় সাময়িকভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট সলুইচ ভাল্‌ভসমূহ বন্ধ রাখা হয়েছে। তবে, এর ফলে উক্ত এলাকায় পানি সরবরাহ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। এছাড়াও, লিকেজের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় রাস্তাঘাট প্লাবিত হয়ে জনসাধারণ ও যানবাহনের স্বাভাবিক চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে এলাকাবাসী 16162, দূরালোপনে ও সশরিরে অফিসে উপস্থিত হয়ে একাধিক অভিযোগ দাখিল করেছেন (সংযুক্তি-০৫)। লিকেজসমূহ দ্রুত মেরামত করা না হলে ঢাকা ওয়াসার Non-Revenue Water (NRW)-এর পরিমাণ বৃদ্ধি পাবে এবং মূল্যবান সুপেয় পানির অপচয় অব্যাহত থাকবে। পানি অপচয় রোধ, স্বাভাবিক পানি সরবরাহ পুনঃস্থাপন এবং জনদুর্ভোগ নিরসনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে লিকেজসমূহ মেরামত করা একান্ত প্রয়োজন। এ উদ্দেশ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, গনপূর্ত রেট সিডিউল-2022 এবং পূর্বানুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনের মোট মূল্য **৳-৪৯,৯০০.৪৬/- (ঊনপঞ্চাশ হাজার নয়শত দশমিক চার ছয়) টাকা মাত্র** (সংযুক্তি-০৭)। কাজটি অনুমোদিত হলে এর ব্যয় মড্স জোন-৯ এর ২০২৬-২০২৭ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার **"Water Line Maintenance"** খাতের G1(93) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তি-০১)।

০২। **এমতাবস্থায়, Repairing of HDPE water line Leakage infront of House #1/E, Road#02, Sector-03 and infront of House #1, Road#1, Ahlia under MODS Zone-9, Dhaka WASA.** কাজটি জরুরি ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলিত **৳-৪৯,৯০০.৪৬/- (ঊনপঞ্চাশ হাজার নয়শত দশমিক চার ছয়) টাকা মাত্র** পিপিআর-২০২৫ এর বিধি **৯৯(১)(ড)** অনুযায়ী **DPM পদ্ধতিতে M/S Ayat Enterprise** কর্তৃক বাস্তবায়নের অনুমোদন দেওয়া যেতে পারে যা ঢাকা ওয়াসা বোর্ড কর্তৃক অনুমোদিত **Sub-Delegation of Financial Power** অনুযায়ী **প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনযোগ্য আর্থিক ক্ষমতার আওতাভুক্ত** (সংযুক্তি-০৪)।

২৪|০৮|২৬
মোঃ মনিরুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৯, ঢাকা ওয়াসা

২৪|০৮|২৬
Md. Nazmul Hussain
Assistant Engineer
MODS Zone-9
Dhaka WASA
A/E

E/E

২৪/০৮/২০২৬
ZUNAYED ABU YASIR
Executive Engineer
MODS Zone-9, Dhaka WASA

SE (MODS cir-2)

২৫|০৮|২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SE MODS-2

25.08.2026
আলমগীর হোসেন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।